

## দেশব্যাপী গ্রন্থাগার পরিসেবার

### সম্প্রসারণ ও আধুনিক

### প্রযুক্তির ব্যবহার

ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের প্রধান সম্পদ হলো গ্রন্থাগার। গ্রন্থাগার ব্যবহারকারীদের জন্য এবং সাধারণভাবে জনগণের সুবিধার্থে জাতিসংঘ সম্পর্কিত তথ্যপুস্তিকা এখানে মজুদ রয়েছে। ফলে গ্রন্থাগার পরিসেবা তথ্য কেন্দ্রের একটি প্রধান বৈশিষ্ট্য। গত কয়েক বছর যাবৎ তথ্য কেন্দ্রটি এর গ্রন্থাগার পরিসেবা বৃহত্তর পরিমন্ডলে সম্প্রসারণ সম্পর্কে চিন্তাভাবনা করে আসছে। উন্নত দেশগুলোতে কেন্দ্রীভূত গ্রন্থাগার ব্যবস্থা রয়েছে যার দ্বারা সমগ্র দেশে অথবা দেশের একটি বিরাট অঞ্চলের আগ্রহী পাঠকগণ নিম্নেই জানতে পারেন যে কোথায় প্রয়োজনীয় তথ্য পাওয়া যেতে পারে। বাংলাদেশে এমনকি রাজধানীতে এ ব্যবস্থাটি এখনো প্রবর্তিত হয়নি। কিন্তু কম্পিউটার ও ইন্টারনেটের যুগে এটি যে কত বেশি প্রয়োজনীয় তা বলার অপেক্ষা রাখে না। এ উদ্দেশ্যেই ২০০১ সালে জাতিসংঘ তথ্য কেন্দ্র ওয়েবসাইট ও বাংলায় ইউনিক হোমপেইজ-এর অনলাইন প্রবেশের সুযোগ সৃষ্টি করে। আর এ বছর কেন্দ্রটি দেশের বড় বড় জাতীয় সরকারী ও বেসরকারী ও পাবলিক লাইব্রেরীসমূহের মধ্যে একটি নেটওয়ার্কিং সৃষ্টির উদ্যোগ গ্রহণ করতে সক্ষম হয়। বাংলাদেশে জাতিসংঘ লাইব্রেরী নেটওয়ার্ক নামে এই নেটওয়ার্কিং সৃষ্টি বাংলাদেশে একটি যুগান্তকারী ঘটনা।



অবশ্য এ কাজটি আদৌ সহজ ছিল না। তথ্য কেন্দ্রকে এর জন্য বেশকিছু প্রস্তুতিমূলক উদ্যোগ গ্রহণ করতে হয়। এগুলোর মধ্যে রয়েছে লক্ষ্য নির্ধারণ, গ্রন্থাগার বাছাইকরণ, নেটওয়ার্কিং এর কার্যকারিতা নিরূপণ এবং আনুষাংগিক সরঞ্জামাদি প্রস্তুতকরণ। এজন্য বাংলাদেশের বড় বড় লাইব্রেরীগুলোর সঙ্গে বেশ কয়েকবার যোগাযোগ স্থাপন এবং অনেক আলোচনা সভার আয়োজন করতে হয়েছে। প্রথম সভাটি ১৯ মার্চ তথ্য কেন্দ্রেই অনুষ্ঠিত হয়। সর্বমোট ১৮টি সংস্থার ও জাতিসংঘ এজেন্সীগুলোর গ্রন্থাগারের প্রতিনিধিরা সভায় অংশগ্রহণ করেন। নীতিগতভাবে স্থির